



বিষয়ে প্রাথমিক তথ্য

Medicaid, Child Health Plus, এবং Essential Plan তালিকাভুক্তদের জন্য পরিবর্তন আসছে

NY State of Health হলো নিউ ইয়র্কের অফিসিয়াল হেল্থ প্ল্যান মার্কেটপ্লেস।

আপনি যদি 19 বা তার বেশি বয়সী হন এবং নিউ ইয়র্ক রাজ্যে থাকেন, তাহলে আমরা আপনাকে আপনার সামর্থ্য অনুযায়ী স্বাস্থ্য বীমা খুঁজে পেতে সাহায্য করতে পারি।

আমি কিভাবে নাম নথিভুক্ত করাব?

👉 nystateofhealth.ny.gov

অথবা

📞 1-855-355-5777 অথবা
TTY: 1-800-662-1220

অথবা

📍 মেআপনার বাড়ি বা কর্মক্ষেত্রের কাছাকাছি একজন প্রত্যয়িত সহকারীর কাছ থেকে বিনামূল্যে ব্যক্তিগতকৃত সহায়তার মাধ্যমে।

NY State of Health প্রযোজ্য ফেডারেল নাগরিক অধিকার আইন এবং রাজ্য আইন মেনে চলে এবং জাতি, বর্ণ, লিঙ্গ, বয়স, জাতীয় উৎপত্তি, ধর্মমত/ধর্ম, বৈবাহিক/পারিবারিক অবস্থা, গ্রেপ্তারের নথি, অপরাধী সাব্যস্ততা, লিঙ্গ পরিচয়, যৌন অভিমুখীতা, পূর্বনির্ধারিত জেনেটিক বৈশিষ্ট্য, সামরিক অবস্থা, গার্ডস্ব্য সহিংসতার শিকারের অবস্থা এবং/অথবা প্রতিশোধের ভিত্তিতে বৈষম্য করে না।

আপনার বা আপনার পরিবারের কোনো সদস্যের কি বর্তমানে নিউ ইয়র্ক স্টেট Medicaid, Child Health Plus, বা Essential Plan-এর মাধ্যমে স্বাস্থ্য বিমার কভারেজ আছে?

নথিভুক্তরা এখনও এই প্রোগ্রামগুলির জন্য যোগ্য কিনা তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেট শীঘ্রই যোগ্যতা পরীক্ষা পুনরায় চালু করবে। এর মানে হল আপনার স্বাস্থ্য বিমা বা আপনার পরিবারের সদস্যদের বিমা পুনর্নবীকরণ করার জন্য আপনাকে পদক্ষেপ নিতে হতে পারে। উদাহরণস্বরূপ, যদি COVID-19 মহামারী শুরু হওয়ার আগে থেকে আপনার আয় অনেক পরিবর্তিত হয়ে থাকে, তাহলে সম্ভবত স্বাস্থ্য বীমায় নথিভুক্ত থাকার জন্য আপনাকে সেই তথ্য NY State of Health-কে জানাতে হতে পারে।

এখানে কিছু জিনিস আছে যা আপনি প্রস্তুতির জন্য এখনই করতে পারেন:

1 টেক্সট অ্যালার্টগুলি পাওয়ার জন্য সাইন আপ করুন।

NY State of Health থেকে SMS/MMS টেক্সট অ্যালার্ট পেতে সাইন আপ করুন যাতে আপনি আপনার কভারেজ পুনর্নবীকরণ করার সময় সহ গুরুত্বপূর্ণ স্বাস্থ্য বীমার আপডেটগুলি হাতছাড়া না করেন। সাবস্ক্রাইব করতে **START** লিখে **1-866-988-0327** নম্বরে টেক্সট করুন।

2 আপনার ঠিকানাটি আপ টু ডেট রয়েছে তা নিশ্চিত করুন।

নিশ্চিত করুন যে NY State of Health বা আপনার স্থানীয় Medicaid অফিসে আপনার বর্তমান মেল করার ঠিকানা, ফোন নম্বর এবং ইমেইল ঠিকানা রয়েছে যাতে তারা আপনার স্বাস্থ্য বিমা সম্পর্কে আপনার সাথে যোগাযোগ করতে পারে।

আপনার যদি NY State of Health-এর সাথে বীমা থাকে, আপনি:

- 1-855-355-5777 (TTY: 1-800-662-1220) কল করতে পারেন
- nystateofhealth.ny.gov এ আপনার অ্যাকাউন্টে লগ ইন করতে পারেন
- <https://info.nystateofhealth.ny.gov/findassistor> এ একজন সহকারী খুঁজতে পারেন

আপনার কাউন্টির Medicaid অফিস বা নিউ ইয়র্ক সিটির মানবসম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA) এর মাধ্যমে আপনার Medicaid থাকলে, আপনার ঠিকানা এবং যোগাযোগের তথ্য সহ আপনার স্থানীয় অফিসের সাথে যোগাযোগ করুন।

3 অবগত থাকুন।

আরও জানতে <https://info.nystateofhealth.ny.gov/COVID-19-Changes> এ যান। NY State of Health নিয়মিত নতুন তথ্য সহ এই পৃষ্ঠাটি আপডেট করবে।